# এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন। (সকল বোর্ডের জন্য)

## উৎপাদন ব্যবস্থা ও বিপণন: প্রথম পত্র বিষয় কোড: ২৮৬

সময়- ২ঘন্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৭০

[ দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও। ]

১. তারিন ফ্যাশন তরুণীদের জন্য নতুন ডিজাইনের থ্রি-পিছ তৈরি করে। প্রতিষ্ঠানটি থ্রি-পিছ তৈরির প্রয়োজনীয় কাপড় ও সুতা নরসিংদীর বাবু বাজার থেকে ক্রয় করে গাজীপুরে অবস্থিত নিজস্ব কারখানায় থ্রি-পিছ তৈরি করে। তৈরি পোশাক গুণগত মানসম্পন্ন হওয়ায় ক্রেতাদের নিকট ব্যাপক চাহিদা রয়েছে। কিন্তু সম্প্রতি প্রতিযোগিতা বৃদ্ধি পাওয়ায় প্রতিষ্ঠানটি বিক্রয় হ্রাস পায়। তাই আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে প্রতিষ্ঠানটি থ্রি-পিছগুলো সংরক্ষণ করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. উৎপাদন কী? ১

খ. গুদামজাতকরণ কীভাবে সময়গত উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. তারিন ফ্যাশন থ্রি-পিছ তৈরির মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য সংরক্ষণের মাধ্যমে সৃষ্ট উপযোগ উল্লেখপূর্বক তারিন ফ্যাশনের সিদ্ধান্ত মূল্যায়ন কর ৪

২. 'ক' ফুড ফ্যাক্টরির মোট উৎপাদনের মূল্য ৬,০০,০০০ টাকা এবং ব্যবহৃত মোট উপকরণের মূল্য ৫,০০,০০০ টাকা। অন্যদিকে, 'খ' ফুড ফ্যাক্টরির মোট উৎপাদনের মূল্য ৬,০০,০০০ টাকা হলেও উৎপাদনে ব্যবহৃত মোট উপকরণের মূল্য ৮,০০,০০০ টাকা। উভয় ফ্যাক্টরির কর্মচারীর সংখ্যা সমান এবং উৎপাদিত পণ্যের গুণগত মানও একই।

ক. শ্রমের উৎপাদনশীলতা কী? ১

খ. 'পরিবহন স্থানগত উপযোগ সৃষ্টি।' ব্যাখ্যা কর। ২

গ. 'ক' ফুড ফ্যাক্টরির মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. 'খ' ফুড ফ্যাক্টরির উৎপাদনশীলতা 'ক' ফুড ফ্যাক্টরির তুলনায় বেশি। তুমি কি একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৩. নাহার গার্ডেন এর বিভিন্ন মাত্রায় পণ্য উৎপাদন সম্পর্কিত তথ্য নিম্নরূপ:

| উৎপাদন মাত্রা (একক) | একক প্রতি উৎপাদন ব্যয় (টাকা) | সম্ভাব্য মুনাফা (টাকা) |
|---|---|---|
| ১০০০ | ৮.০০ | ৭০,০০০ |
| ১৫০০ | ৭.০০ | ৮০,০০০ |
| ২০০০ | ৫.০০ | ৯০,০০০ |
| ২৫০০ | ৬.০০ | ৬০,০০০ |

ক. উৎপাদন মাত্রা কী? ১

খ. মাত্রাজনিত ব্যয় সংকোচ ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. নাহার গার্ডেন এর কাম্য উৎপাদন মাত্রা কত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. নাহার গার্ডেন এর ২,৫০০ একক পণ্য উৎপাদনের মাত্রার নাম উল্লেখপূর্বক এধরনের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৪. ২০১৫ ও ২০১৬ অর্থবছরের 'ক' নামক দেশের তথ্যসমূহ নিম্নরূপ:

| বিবরণ | অর্থবছর ২০১৫ | অর্থবছর ২০১৬ |
|---|---|---|
| জনসংখ্যা | ১৫ কোটি | ১৬ কোটি |
| মোট জাতীয় আয় | ১.৫০ লক্ষ কোটি টাকা | --- |
| মোট জাতীয় উৎপাদন | --- | ১.৪৫ লক্ষ কোটি টাকা |
| বয়স্ক ও অবসর ভাতা বাবদ সরকারের ব্যয় | --- | ২৫০ কোটি টাকা |
| সরকারের অর্জিত মুনাফা | ---- | ১০০ কোটি টাকা |

ক. সামষ্টিক পর্যায়ের উৎপাদন কী? ১

খ. মোট দেশজ উৎপাদন কীভাবে পরিমাপ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ২০১৬ সালের জন্য 'ক' দেশের জাতীয় আয় নির্ণয় কর। ৩

ঘ. 'মাথাপিছু আয় একটি দেশের অর্থনৈতিক অবস্থার প্রকৃত চিত্র তুলে ধরে।' ২০১৫ ও ২০১৬ অর্থ বছরের মাথাপিছু আয় নির্ণয়পূর্বক উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫. আখি জুয়েলার্স এবং পাখি জুয়েলার্স দীর্ঘদিন ধরে আন্তর্জাতিক মানসম্পন্ন অলংকার তৈরি ও বিক্রয় করে। আখি জুয়েলার্স বরাবরই ক্রেতার ব্যক্তিগত পছন্দ ও চাহিদাকে যথাযথভাবে বিবেচনায় রেখে নতুন নতুন ডিজাইনের অলংকার তৈরি করে। অন্যদিকে, পাখি জুয়েলার্স আধুনিক ডিজাইনের উপরই অধিক গুরুত্ব দেয়। মারিহা নিজস্ব পছন্দে পাখি জুয়েলার্স থেকে ৭ ভরি স্বর্ণের এক সেট গহনা তৈরি করে। মাশতুরার সেটটি পছন্দ হওয়ায় ৫ ভরি সোনা দিয়ে অনুরূপ একটি সেট তৈরি করার জন্য পাখি জুয়েলার্সে গেলে তারা অপারগতা প্রকাশ করে। পরে সে আখি জুয়েলার্স থেকে ৫ ভরি সোনা দিয়ে হুবহু সেটটি তৈরি করে। নতুন গহনা পেয়ে মাশতুরা খুবই খুশি। এসব কারণেই মহিলাদের নিকট আখি জুয়েলার্স অধিক পছন্দনীয়।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. 'সেবা পঁচনশীল।' ব্যাখ্যা কর। ২

গ. আখি জুয়েলার্স অলংকার তৈরিতে কোন ধারণাকে গুরুত্ব দিয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'আখি জুয়েলার্স উদ্দীপকে উল্লেখিত ধারণা অনুসরণ করে ব্যবসায়ে সফলতা অর্জন করতে সক্ষম হয়েছে।' তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উদ্দীপকের আলোকে তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬. ২০১৬ সালের বাংলাদেশ-আফগানিস্তান একদিনের ক্রিকেট সিরিজকে সামনে রেখে 'নেক্সাস ফ্যাশন' পূর্বের মানের পরিবর্তন না করে দর্শকদের জন্য বাংলার বাঘ, জাতীয় পতাকা ও দেশের মুক্তিযুদ্ধের স্মৃতিচিহ্ন ব্যবহার করে টি-শার্ট প্রস্তুত করেন। অন্যদিকে 'প্রিয়ম ফ্যাশন' নতুন ও উন্নত কৌশল ও কম্পিউটারভিত্তিক প্রযুক্তির ব্যবহার করে নতুন ডিজাইনের টি-শার্ট উৎপাদন ও বিপণন করেন। সিরিজের প্রতিটি ম্যাচে প্রতিষ্ঠানের টি-শার্ট বিক্রয় হলেও 'প্রিয়ম ফ্যাশন' অপেক্ষা 'নেক্সাস ফ্যাশন' এর বিক্রয় অনেক বেশি। তবে বাংলাদেশ ও ইংল্যান্ডের মধ্যে অনুষ্ঠিত একদিনের সিরিজে 'প্রিয়াম ফ্যাশন' এর টি-শার্ট অনেক বেশি বিক্রয় হয়।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. 'ব্যবহারিক ডিজাইনের মূল লক্ষ্য হলো পণ্যের উপযোগিতা ও স্থায়িত্ব বৃদ্ধি করা।' ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে 'নেক্সাস ফ্যাশন' পণ্য ডিজাইনের কোন ধরনটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'নেক্সাস ফ্যাশন' অপেক্ষা 'প্রিয়ম ফ্যাশন' এর টি-শার্ট অধিক জনপ্রিয়। পণ্য ডিজাইনের ধরন উল্লেখপূর্বক উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭. সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে পবিত্র রমজানের ঈদের আগে ভ্রাম্যমান আদালত পুরান ঢাকার একটি শেমাই তৈরির কারখানা পরিদর্শন করে নোংড়া পরিবেশ এবং একটি প্রতিষ্ঠিত কোম্পানির শেমাইয়ের অসংখ্যা খালি প্যাকেট দেখতে পায়। এ বিষয়ে কারখানার ম্যানেজার ম্যাজিস্ট্রেটের প্রশ্নের কোনো উত্তর দিতে না পারায় তাকে গ্রেফতার এবং এক লক্ষ টাকা জরিমানাসহ কারখানাটি সিল করে দেয়া হয়। উপস্থিত সাংবাদিকদের প্রশ্নের জবাবে ম্যাজিস্ট্রেট রহস্য করে জানান শেমাই উৎপাদনে কারখানাটি রাষ্ট্রের স্বীকৃত গুণগত মান নিশ্চিতকারী প্রতিষ্ঠানের কোনো অনুমতি গ্রহণ করে নি।

ক. মান ব্যবস্থাপনা কী? ১
খ. নিম্নমানের ধারণা ব্যাখ্যা কর। ২
গ. শেমাই তৈরির কারখানাটি বন্ধ হলো কেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ম্যাজিস্ট্রেট কতুক সাংবাদিকদের প্রশ্নের রহস্যজনক উত্তর অনুসন্ধানপূর্বক নিরাপদ পণ্যের নিশ্চয়তায় এ ধরনের প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৮. 'খান এন্টারপ্রাইজ' বোতলজাত পানীয় তৈরির কারখানা স্থাপন করেন। তিনি দুইটি মেশিনের সাহায্যে পানীয় তৈরি ও বোতলজাত করেন। মেশিনগুলোর গায়ে সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা ও আয়ুষ্কাল উল্লেখ করা আছে। মেশিনের উৎপাদন ক্ষমতা অনেক বেশি হওয়া সত্ত্বেও চলতি বছরে খান এন্টারপ্রাইজ মেশিন থেকে দৈনিক মোট ২,০০০ লিটার পানীয় উৎপাদন ও বিক্রয় করে। বর্তমানে তার উৎপাদিত পানীয়ের চাহিদা ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। তাই প্রতিষ্ঠানটি উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করতে আগ্রহী।

ক. উৎপাদন ক্ষমতা কী? ১
খ. সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত খান এন্টারপ্রাইজ কীভাবে মোট উৎপাদন ক্ষমতা পরিমাপ করতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. খান এন্টারপ্রাইজের উৎপাদন বৃদ্ধির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯. ফারুক সাহেব দীর্ঘদিন একটি বিখ্যাত আমের জুস তৈরির কারখানায় ব্যবস্থাপক পদে চাকরি করার পর নিজেই ৫ কোটি টাকা এবং ২০ জন শ্রমিক নিয়ে একটি জুস তৈরির কারখানা স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেন। তাঁর পর্যাপ্ত মূলধন থাকায় যন্ত্রপাতি ক্রয় ও দক্ষ কর্মী নিয়োগ কোনো সমস্যা ছিল না। এছাড়া ঢাকার গাজীপুরে তাঁর ৪০ কাঠা জমিও ছিল। ঢাকার কাছাকাছি এতো

http://teachingbd.com

সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও বিশেষ সুবিধা বিবেচনায় সে রাজশাহী জেলায় জুস তৈরির কারখানা স্থাপন করে ব্যাপক সাফল্য অর্জন করেন। বর্তমানে তিনি আরও ১০ কোটি টাকা মূলধন এবং ৫০ জন কর্মচারী নিয়োগ দিয়ে ব্যবসা সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. কারখানার অবস্থান কী? ১

খ. কারখানার অবস্থান নির্ধারণের এত গুরুত্ব কেন? ২

গ. ফারুক সাহেবের রাজশাহীতে কারখানা স্থাপনের বিশেষত্ব বর্ণনা কর। ৩

ঘ. কারখানার অবস্থানগত সুবিধা ব্যাখ্যাপূর্বক রাজশাহীতে ফারুক সাহেবের কারখানা স্থাপনের যৌক্তিকতা তুলে ধর। ৪

১০. আশুলিয়ায় অবস্থিত সাফা গার্মেন্টস ফ্যাক্টরির পঞ্চম তলায় কাটিং শাখা, চতুর্থ তলায় সুইং শাখা, তৃতীয় তলায় লেভেলিং, আইরন ও প্যাকেজিং শাখা এবং দ্বিতীয় তলায় মজুদ শাখা। ফ্যাক্টরির ম্যানেজার তৃতীয় তলায় অবস্থান করেন। অন্যদিকে, আইমান ফ্যাক্টরির উক্ত শাখাগুলো বিশাল ফ্লোরে U আকৃতিতে সাজানো এবং একপ্রান্তে ম্যানেজারের কক্ষ। সাফা ফ্যাক্টরির সকল শাখার শ্রমিকদের ড্রেস একই হলেও আইমান ফ্যাক্টরির শ্রমিকদের শাখাভিত্তিক পৃথক ড্রেস রয়েছে। ফলে আইমান ফ্যাক্টরির পোশাক তৈরিসহ সকল কাজে তুলনামূলক সুবিধা এবং সুনাম উভয়ই বেশি। অন্যদিকে সাফা গার্মেন্টস নানা সমস্যায় জর্জরিত।

ক. প্রক্রিয়া বিন্যাস কী? ১

খ. কোন ক্ষেত্রে স্থির বিন্যাস অপরিহার্য? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত গার্মেন্টস দুটি কোন ধরনের বিন্যাস করেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সঠিক বিন্যাস নির্ধারিত সময়ে এবং কম খরচে উৎপাদন কার্য সম্পাদনে সক্ষম।' - উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১. এবি সিদ্দিক লি. একটি আধুনিক আসবাপত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানে একটি বিভাগে ড্রয়িং, একটিতে কাটিং এবং অন্য একটিতে ফিনিশিং কার্য সম্পাদন করার জন্য কর্মী ও যন্ত্রের বিন্যাস ঘটানো হয়েছে। এতে করে নির্দিষ্ট সময়ের মধ্যে ন্যূনতম ব্যয়ের মাধ্যমে ফরমায়েশকৃত আসবাবপত্রের সরবরাহ করা সম্ভব হয়েছে। এতে করে স্বল্প সময়ের মধ্যে ABC কোম্পানি একটি স্বনামধন্য প্রতিষ্ঠানরূপে আবির্ভাব হয়েছে।

ক. আউটপুট পরিমাপ কী? ১

খ. উৎপাদন ক্ষমতার সংকোচন বলতে কী বোঝায়? ২

গ. এবি সিদ্দিক লি. কোম্পানি বিন্যাস পদ্ধতিটি কোন্ ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. এবি সিদ্দিক লি. কোম্পানির সাফল্য লাভে বিন্যাস পদ্ধতি কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

http://teachingbd.com

# উৎপাদন ব্যবস্থা ও বিপণন- প্রথম পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়- ৩০ মিনিট পূর্ণমান-৩০ বিষয় কোড: ২ ৮ ৬

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভিক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্ত সমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. দ্রব্যের বৈশিষ্ট্য হচ্ছে—**

(ক) দ্রব্য দেখা যায় না
(খ) স্পর্শ করা যায়
(গ) উৎপাদনক থেকে বিচ্ছিন্ন করা যায় না
(ঘ) দ্রব্য সনাক্তকরণ যোগ্য নয়

**২. কাম্য উৎপাদন মাত্রার ফলে—**

i. যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত হয়
ii. ভোক্তারা পছন্দমত পণ্য ভোগ করতে পারে
iii. একক প্রতি উৎপাদন ব্যয় হ্রাস পায়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৩. বাংলাদেশে উৎপাদন ব্যবস্থাপনা কীভাবে ভূমিকা রাখতে পারে?**

i. উৎপাদন বৃদ্ধি করে
ii. মান নিয়ন্ত্রণ করে
iii. বিক্রয় বৃদ্ধি করে

**নিচের কোনটি সঠিক?**

(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৪. ক্রয়-বিক্রয় কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**

(ক) রূপগত (খ) সময়গত
(গ) স্থানগত (ঘ) স্বত্বগত

**৫. নিচের কোনটি শ্রমের বৈশিষ্ট্যের বহির্ভূত?**

(ক) বিনাশশীল (খ) অক্ষয়
(গ) চলনশীল (ঘ) মানবিক উপাদান

**৬. মিতব্যয়ী উৎপাদন মাত্রায় একটি নির্দিষ্ট স্তর পর্যন্ত—**

i. ব্যয় হ্রাস পায়
ii. ব্যয় বৃদ্ধি পায়
iii. উৎপাদন বৃদ্ধি পায়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৭. নীতি রপ্তানি কিসের অন্তর্ভুক্ত?**

i. GNP ii. NNP
iii. GDP

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**

মুস্তাফিজ কলম উৎপাদনের জন্য একটি কারখানা স্থাপন করলেন। কলম উৎপাদনের জন্য খরচসমূহ নিম্নরূপ:
স্থায়ী ব্যয় ৫০,০০০ টাকা
পরিবর্তনশীল ব্যয় ৬ টাকা (একক প্রতি)
প্রতিটি কলমের বিক্রয়মূল্য ১০ টাকা

**৮. মুস্তাফিজ ১টি কলম উৎপাদন করে তা বিক্রি করলে কত টাকা লাভ বা লোকসান হবে?**

(ক) ৪ টাকা লাভ (খ) ৪৯৯৯৬ টাকা ক্ষতি
(গ) ৪ টাকা ক্ষতি (ঘ) ৪৯৯৯৬ টাকা লাভ

**৯. মুস্তাফিজ কত একক কলম উৎপাদন করলে লাভও হবে না ক্ষতিও হবে না?**

(ক) ১ একক (খ) ১২৪৯৯ একক
(গ) ১২৫০০ একক (ঘ) ১২৫০১ একক

**১০. নার্সের সেবাকে উৎপাদন বলা হলেও, মায়ের সেবাকে উৎপাদন বলা যায় না কেন?**

(ক) মায়ের সেবার উপযোগিতা অনেক বেশি
(খ) পারিবারিকভাবে এই সেবা উৎপাদিত হয়
(গ) নির্দিষ্ট সময় পরে এর প্রয়োজন নেই
(ঘ) বিক্রয়যোগ্য মূল্য সৃষ্টি করে না

**১১. অর্থনীতিবিদ এডাম স্মিথ 'The Wealth of Nation' গ্রন্থটি কত সালে রচনা করেন?**

(ক) ১৭৬০ সালে (খ) ১৮৭৬ সালে
(গ) ১৭৭৬ সালে (ঘ) ১৬৭৬ সালে


**১২. কাস্টমাইজেশনের ফলে—**

i. গ্রাহকের চাহিদা মোতাবেক পণ্য সরবরাহ করা সম্ভব হয়
ii. ক্ষেত্র বিশেষে নির্ধারিত ডিজাইনও পরিবর্তন হয়
iii. উৎপাদকের ইচ্ছা অনুযায়ী পণ্য উৎপাদিত হয়

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**




**১৩. $P_1$ বিন্দুটি কোন মাত্রা?**

(ক) মিত্যব্যয়ী (খ) কাম্য
(গ) অমিতব্যয়ী (ঘ) গড়

**১৪. P থেকে P1 কোন মাত্রাকে নির্দেশ করে—**

(ক) অমিতব্যয়ী (খ) কাম্য
(গ) মিতব্যয়ী (ঘ) গড়

**১৫. কেন উৎপাদনশীলতা চ্যালেঞ্জের মুখে পড়ে?**

(ক) শ্রমিকদের স্বতস্ফূর্ত অংশগ্রহণ থাকলে
(খ) অনুকূল সরকারি নীতি বিদ্যমান থাকলে
(গ) প্রতিষ্ঠানের বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেলে
(ঘ) অনুন্নত কাঁচামাল ব্যবহারের ফলে

teachingbd.com

http://teachingbd.com

১৬. উৎপাদন ক্ষমতা কিসের সাথে সম্পর্কিত?
ক নির্দিষ্ট স্থান খ নির্দিষ্ট সময়
গ নির্দিষ্ট উপকরণ ঘ নির্দিষ্ট ব্যবস্থাপনা

১৭. উৎপাদন হ্রাস-বৃদ্ধি হওয়া সত্ত্বেও যে ব্যয়ের কোনো পরিবর্তন হয় না, তাকে—
ক পরিবর্তনশীল ব্যয় বলে
খ স্থায়ী ব্যয় বলে
গ গড় ব্যয় বলে
ঘ দীর্ঘমেয়াদি গড় ব্যয় বলে

১৮. প্রাচীনকালে উৎপাদন ছিল—
ক পরিবারকেন্দ্রিক খ কারখানাকেন্দ্রিক
গ বাজারকেন্দ্রিক ঘ ব্যক্তিকেন্দ্রিক

১৯. ক্রেতাদের প্রত্যাশা পূরণের সক্ষমতাকে কী বলে?
ক পণ্য খ মান
গ সেবা ঘ দ্রব্য

২০. উৎপাদন ডিজাইনের ফলে—
i. কাঁচামাল অপচয় হ্রাস পায়
ii. পণ্যের উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ ii

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:
অলিম্পিক কোম্পানি বিস্কুট উৎপাদন ও বিপণন করে। সম্প্রতি প্রতিষ্ঠানটি তাদের বিস্কুটে বাদাম ও আলু সংযোজন করে নতুন স্বাদে বিপণন শুরু করে। এতে প্রতিষ্ঠানটির পণ্যের বাজার চাহিদা বৃদ্ধি পায়।

২১ উদ্দীপকে চাহিদা বৃদ্ধিতে কোন ডিজাইনের ভূমিকা লক্ষ করা যায়?
ক ক্রিয়াগত *খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকেজিং

২২. এরূপ ডিজাইনের ফলে—
i. পণ্যের উপযোগিতা বৃদ্ধি পায়
ii. শুধুমাত্র পণ্যের মোড়ক পরিবর্তন হয়
iii. পণ্যের বাজার সম্প্রসারিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. শ্রম বিভাগের মূল উদ্দেশ্য হলো—
i. বিশেষজ্ঞতা অর্জন
ii. কাজগুলোকে বিভিন্ন ভাগে ভাগকরণ
iii. পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. উৎপাদনের মাত্রা নির্ভর করে কিসের ওপর?
ক আর্থিক সামর্থ্যের ওপর
খ ব্যবস্থাপনার দক্ষতার ওপর
গ বাজার পরিস্থিতির ওপর
ঘ উপরের সবগুলোর ওপর

২৫. পণ্য উৎপাদনে নতুন প্রযুক্তির ব্যবহার কোন ধরনের পণ্য ডিজাইন?
ক ব্যবহারিক ডিজাইন খ নান্দনিক ডিজাইন
গ উৎপাদন ডিজাইন ঘ প্যাকিং ডিজাইন

২৬. বাংলাদেশের পণ্য ডিজাইনের ক্ষেত্রে বিবেচ্য বিষয় হলো-
i. দেশীয় ঐতিহ্য
ii. ধর্মীয় উৎসব
iii. ূল্যবোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii. ঘ i, ii ও iii

২৭. সার্বিক মান ব্যবস্থাপনার নীতি হলো—
i. গ্রাহক সন্তুষ্টি
ii. কর্মী সংশ্লিষ্টতা
iii. ানের ধারাবাহিক উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:
লাভা মোবাইল হ্যান্ডসেট তাদের মোবাইল হ্যান্ডসেট এর ক্ষেত্রে ১ বছরের নিশ্চয়তা দেয়। এ সময়ে তাদের কোনো রূপ ত্রুটি দেখা দিলে তার প্রতিস্থাপন কোম্পানি বহন করে। এজন্য কোম্পানির ক্রেতারা বেশ সন্তুষ্ট।

২৮. ১ বছরের নিশ্চয়তা কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত?
ক প্রতিরোধমূলক ব্যয়
খ মূল্যায়ন ব্যয়
গ অভ্যন্তরীণ বিচ্যুতি ব্যয়
ঘ বাহ্যিক বিচ্যুতি ব্যয়

২৯. পণ্য প্রতিস্থাপনের কারণে কোম্পানির—
ক উৎপাদন খরচ বৃদ্ধি পাবে
খ গ্রাহকদের আস্থা অর্জন হবে
গ সুনামের ক্ষতি হবে
ঘ মান নিয়ন্ত্রণ প্রশ্নবিদ্ধ হবে

৩০. উৎপাদন ক্ষমতা পরিমাপের পদ্ধতি হলো—
i. উৎপাদন প্রক্রিয়ার ভিত্তিতে
ii. উৎপাদনের উপকরণর ভিত্তিতে
iii. উৎপাদিত পণ্যের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com